ডাক/অনলাইনযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৭৩.০০২.০০.০০.০২৫.২০১৭-৩০০ তারিখ: ২০.১১.২০১৭খ্রি:

বিষয়: কমিউনিটি ক্লিনিক নির্মাণ সম্পর্কিত।

সূত্র: নং- সিবিএইচসি/নির্মাণ/এইচইডি-০১/২০১৭/৮৫৯(ক), তারিখ : ০৫.১০.২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি (৪র্থ এইচপিএনএসপি) সেক্টর প্রোগ্রামে Community Based Health Care (CBHC) অপারেশনাল প্ল্যানের অনুকূলে স্বাস্থ্য স্থাপনাবিহীন ১০২৯ (এক হাজার উনত্রিশ)টি সাবেক ওয়ার্ডে একটি করে কমিউনিটি ক্লিনিক নির্মাণের লক্ষ্যে 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' পিএফডি-ওপিতে ১০২৯ (এক হাজার উনত্রিশ)টি কমিউনিটি ক্লিনিক নির্মাণের সংস্থান আছে। মাননীয় মন্ত্রী, মাননীয় সংসদ সদস্যসহ সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গগণ কমিউনিটি ক্লিনিক নির্মানের সুপারিশ করে থাকেন। এছাড়া বর্তমানে সাবেক ওয়ার্ডগুলো নতুন ০৩টি ওয়ার্ডে পরিণত, লোকসংখ্যা বেড়ে যাওয়া এবং গ্রামগুলোর দুরত্ব বেশী হওয়ার কারণে সে সব স্থানে জনসংখ্যা অনুপাতে ও চিকিৎসার সুবিধার্থে নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণের বিষয়ে নিম্নছকে তথ্য প্রদান করা হয়েছে:

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন | ওয়ার্ড ও গ্রামের নাম | পূর্বে কমিউনিটি ক্লিনিক আছে কিনা | মোট জনসংখ্যা | সুপারিশ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পটুয়াখালী | মির্জাগঞ্জ | ৫নং কাকড়াবুনিয়া | সাবেক-৩ বর্তমান-৭ | গাবুয়া কমিউনিটি ক্লিনিক বিদ্যমান আছে কিন্তু গাজীপুরায় নেই। | ৯০০০ (নয় হাজার) | এ.বি.এম রুহুল আমিন হাওলাদার এম.পি সদস্য, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। | সচিব বরাবর জমি দান করা হয়েছে |
| ২. | পাবনা | ফরিদপুর | বৃলাহিড়িবাড়ী | সাবেক-৩ বর্তমান-৭ আরকান্দি | জন্তিহার কমিউনিটি ক্লিনিক বিদ্যমান | ১০,৫০০ (দশ হাজার পাচশত) | জনাব মো: সিরাজুল হক খান, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম। | সচিব বরাবর জমি দান করা হয়নি |
| ৩. | ফরিদপুর | ভাংগা | নাসিরাবাদ | ০১ | | | সিভিল সার্জন, ফরিদপুর | সচিব বরাবর জমি দান করা হয়নি |
| ৪. | গাজীপুর | কালীগঞ্জ | নাগরী | ০১ | রয়েনা কমিউনিটি ক্লিনিক বিদ্যমান | ৮১৩৪ (আট হাজার একশত চৌত্রিশ) | জনাব মো: সিরাজুল ইসলাম, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | সচিব বরাবর জমি দান করা হয়নি |

০২। এমতাবস্থায়, উপরিল্লিখিত তথ্য মোতাবেক ফরিদপুর, পাবনা ভাংগা, ফরিদপুর এবং কালীগঞ্জ, গাজীপুর থেকে প্রাপ্ত আবেদনের বিষয়ে জমির দানপত্র ও অন্যান্য আনুষঙ্গিক প্রয়োজনীয় কাগজপত্র প্রদান সাপেক্ষে এবং মির্জাগঞ্জ, পটুয়াখালীর কমিউনিটি ক্লিনিক স্থাপনের বিষয়ে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

২০/১১/১৭
(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

লাইন ডাইরেক্টর
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার
বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০১৬.২০১৭-৩০১ তারিখ: ২০.১১.২০১৭খ্রি:

বিষয়: অপারেশনাল প্ল্যানসমূহের অধীনে ও রাজস্ব তহবিলের অধীনে যন্ত্রপাতি ও এমএসআর খাতে বরাদ্দকৃত ২০১৭-১৮ অর্থবছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ১৮.১০.২০১৭ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি এর সভাপতিত্বে অনুষ্ঠিত অপারেশনাল প্ল্যানসমূহের অধীনে ও রাজস্ব তহবিলের অধীনে যন্ত্রপাতি ও এমএসআর খাতে বরাদ্দকৃত ২০১৭-১৮ অর্থবছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তি : ০৪ (চার) পাতা।

২০.১১.২০১৭
(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপ সচিব
ফোন ঃ ৯৫৪৯৫৪০

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন/হাসপাতাল/বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. যুগ্মপ্রধান (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, বিএমআরসি ভবন (২য় তলা), ঢাকা।
৫. লাইন ডাইরেক্টর, প্রকিউরম্যান্ট, ষ্টোরেজ এন্ড সাপ্লাইজ ম্যানেজমেন্ট (পিএসএসএম-এইচএস) ও পরিচালক (সিএমএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. লাইন ডাইরেক্টর, হাসপাতাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (HSM), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. উপ সচিব (প্রবা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয় : অপারেশনাল প্ল্যানসমূহের অধীনে ও রাজস্ব তহবিলের অধীনে যন্ত্রপাতি ও এমএসআর খাতে বরাদ্দকৃত ২০১৭-১৮ অর্থবছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | জনাব জাহিদ মালেক, এমপি<br>প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন-৩, কক্ষ-৩৩২) |
| তারিখ ও সময় | ১৮.১০.২০১৭ বেলা: ১২:০০ টা |

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তার তালিকা পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রেক্ষাপট হিসেবে তিনি উল্লেখ করেন যে, এমএসআরসহ হসপিটালের বিভিন্ন যন্ত্রপাতি ক্রয়ের ক্ষেত্রে অপারেশনাল প্ল্যানের বরাদ্দকৃত অর্থ, হাসপাতাল উইং-এর বরাদ্দ এবং অধিদপ্তর হতেও বরাদ্দ দেয়া হয়। সভাপতি বরাদ্দ প্রদান ও ক্রয়ে সামঞ্জস্য বিধান এবং একই ক্রয়ে বরাদ্দের দ্বৈততা পরিহারে যত্নবান হওয়ার পরামর্শ প্রদান করেন।

০২। সিএমএসডির কার্যক্রম বিষয়ে সিএমএসডির পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ এফ এম রফিকুল ইসলাম জানান, এডিপি বরাদ্দের ১ম কিস্তির অর্থছাড় হয়েছে ও ২য় কিস্তির কার্যক্রম চলমান। এ ছাড়া, সিডিভ্যাট খাতের টাকা উত্তোলনও প্রক্রিয়াধীন। এ অর্থ হিসাব চলতিতে (Account Current) জমা রাখা হয়। আমদানীকৃত যন্ত্রপাতি/মালামাল আমদানীর বিপরীতে সিডিভ্যাট এর অর্থ ক্রমান্বয়ে পরিশোধ করা হয়।

০৩। সভাপতি বলেন, সিএমএসডি ক্রয়ের ক্ষেত্রে সিডিউল তৈরী ও সংরক্ষন করবে। এছাড়া যন্ত্রপাতি/মেশিনের স্প্যাসিফিকেসন প্রস্তুতকালীন সুনির্দিষ্ট ব্র্যান্ড উল্লেখ থাকবে না, চাহিদা অনুযায়ী রেঞ্জের ভিতরে রাখতে হবে এবং বর্তমান বাজার ও প্রয়োজনের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্চনীয়।। স্প্যাসিফিকেসন তৈরীর সময় খেয়াল রাখতে হবে যেন একাধিক দরদাতা কিংবা সাপ্লায়ার টেন্ডার প্রক্রিয়ায় অবাধে অংশগ্রহন করতে পারে এবং ঠিকাদার/কোম্পানি মেশিনপত্রের অতিরিক্ত দর উল্লেখ করার সুযোগ না পায়।

০৪। তিনি আরও উল্লেখ করেন যে, মেশিনপত্রের গুনগতমান বিবেচনায় রেখেই স্প্যাসিফিকেসন তৈরী করতে হবে এবং চুক্তিপত্র কিংবা টার্মস্ অব রেফারেন্সে প্রি-শিপম্যান্ট ইন্সপ্যাকসনসহ পেনাল্টি ক্লস, ওয়ারেন্টি পিরিয়ড, স্পেয়ারপার্টস বা খুচরা যন্ত্রাংশের নিশ্চয়তা রাখতে হবে। ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত মেশিনপত্রের সাথে ন্যুনতম ১ (এক) বছরের খুচরা যন্ত্রাংশ থাকতে হবে। তবে ২ (দুই) বছরের খুচরা যন্ত্রাংশ থাকলে ভাল।

০৫। সভাপতি বলেন, ভারী মেশিনপত্র ক্রয়ের ক্ষেত্রে ১০ (দশ) বছরের ইকোনমিক পিরিয়ড (ওয়ারেন্টির পর) এবং মেইনটেনেন্সের ব্যবস্থা রাখতে হবে। এক্ষেত্রে, কমপ্রিহেন্সিভ মেইনটেনেন্স রুলস থাকতে হবে এবং ক্রয়ের ক্ষেত্রে দ্বৈততা পরিহার করে সরকারী অর্থের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে। সভাপতি মহোদয় কোবাল্ট মেশিনের উদ্ধৃতি দিয়ে বলেন, এটা ৬০ (ষাট) বোরের হলে রোগীরা এর ব্যবহারে স্বাচ্ছন্দ্যবোধ করে না । সুতরাং ৭০ (সত্তর) বা আরও বেশী বোরের হলে এটা অধিকতর সেবাবান্ধব হতে পারে। সুতরাং স্প্যাসিফিকেসন তৈরীর ক্ষেত্রে এ বিষয়টিকে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে, যেন মেশিনপত্র/যন্ত্রপাতি সেবাবান্ধব ও ব্যবহার উপযোগী হয়। কোনভাবেই আনস্পেসিফাইড যন্ত্রপাতি/মেশিনপত্র গ্রহণ করা যাবে না।

০৬। তিনি আরও বলেন, লোড প্ল্যানিং এর আওতায় সিএমএসডি একটি ট্রাক বা লরিতে গমন পথে একাধিক হসপিটালের মালামাল একত্রে পরিবহনের মাধ্যমে দক্ষতার পরিচয় দিতে পারে। এতে কম খরচে একইসময়ে অনেক হসপিটালের মালামাল

হলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণ সেবা প্রদানে গাড়ী ব্যবহারের সুবিধা পাবে এবং মাঠপর্যায়ে স্বাস্থ্য সেবার কার্যক্রমে গতি আসবে।

১৬। এ ছাড়া তিনি নৌএম্বুলেন্স ক্রয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এ প্রেক্ষিতে নৌএম্বুলেন্সের স্থানীয় দরের তুলনামূলক মূল্য বিবরণীসহ (সুযোগ সুবিধা সম্বলিত) প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগক্রমে স্বাস্থ্য সেবা বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরকে পরামর্শ দেয়া হয়। এক্ষেত্রে পরিচালক, সিএমএসডি নৌবাহিনীর ডকইয়ার্ডে নৌএম্বুলেন্স তৈরীর সম্ভাব্যতা ও মূল্য সম্পর্কে তথ্য দিয়ে সহায়তা করতে পারেন।

১৭। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | সিএমএসডির সক্ষমতা বৃদ্ধির জন্য নতুন জনবল কাঠামোর রূপরেখাসহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ; | পরিচালক, সিএমএসডি |
| ২. | সরকারী হাসপাতালসমূহে ব্যবহৃত যন্ত্রপাতির জন্য কমপ্রিহেনসিভ মেইনটেন্স রুলস তৈরী; | চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি |
| ৩. | কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) অপারেশনাল প্ল্যানের অধীনে প্রতি অর্থবছরে ৭০ (সত্তর)টি করে জীপ গাড়ী ক্রয়ের পরিবর্তে চলমান ২০১৭-১৮ অর্থবছরে অর্থের সংস্থানসহ একত্রে সবগুলো গাড়ী ক্রয়ের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ; | লাইন ডাইরেক্টর, সিবিএইচসি |
| ৪. | জেলা/উপজেলা পর্যায়ের হসপিটালসমূহের যন্ত্রপাতি ক্রয় স্থানীয়ভাবে সম্পন্নের জন্য প্রস্তাবনা প্রস্তুতক্রমে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণের নিমিত্ত নিম্নরূপ কমিটি গঠন করা হয়:<br>অতিরিক্ত সচিব (হাসপাতাল) - আহবায়ক<br>পরিচালক, সিএমএসডি - সদস্য<br>লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট - সদস্য<br>লাইন ডাইরেক্টর, সিবিএইচসি - সদস্য | গঠিত কমিটি |
| ৫. | নৌএম্বুলেন্স ক্রয়ের বিষয়ে সুযোগ সুবিধা সম্বলিত তুলনামূলক মূল্য বিবরণীসহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ; | লাইন ডাইরেক্টর, সিবিএইচসি |

১৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

জাহিদ মালেক, এমপি
প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অপারেশনাল প্লান সমূহের যন্ত্রপাতি ও এমএসআর খাতে বরাদ্দকৃত ২০১৭-১৮ অর্থ

**বছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর**

তারিখঃ ১৮.১০.২০১৭

স্থানঃ সভাকক্ষ, কক্ষ নং ৩৩২, ভবন নং ৩, ৪র্থ তলা, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, | কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |
| ০২ | অধ্যা: ডা: আবুল কালাম আজাদ | স্বাস্থ্য অধিদপ্তর | ০১৭৭৭৭০৮০০০ | [signature] |
| ০৩ | মো: নজরুল ইসলাম অতি: সচিব | স্বাস্থ্য সেবা বিভাগ | ০১৯১৬৪৭৩৩১২ | [signature] |
| ০৪ | মো: মিজানুর রহমান অতি: সচিব | স্বাস্থ্য সেবা বিভাগ | ০১৭১১৮৩৭৯৫২ | [signature] |
| ০৫ | [illegible] | স্বাস্থ্য সেবা বিভাগ | 01711987 909 | [signature] |
| ০৬ | ডা: মো: [illegible] LD. CBHC | DGHS | 01711-698968 | [signature] 18/10/17 |
| ০৭. | ডা: [illegible] ইসলাম DPM- CBHC | DGHS | 01818031388 | [signature] |
| ০৮ | ডা. আ. ন. মো. [illegible]উদ্দিন ওসমানী — যুগ্মপ্রধান | HSD | 01517262640 | [signature] 18/10/17 |
| ০৯ | মো: [illegible] আলী জ্যেষ্ঠ [illegible] | HED | 01711176616 | [signature] [illegible] |